তোর   ভিতরে জাগিয়া কে যে,
তারে   বাঁধনে রাখিলি বাঁধি ।
হায়     আলোর পিয়াসি সে যে
তাই    গুমরি উঠিছে কাঁদি ॥
যদি     বাতাসে বহিল প্রাণ
কেন    বীণায় বাজে না গান,
যদি     গগনে জাগিল আলো
কেন    নয়নে লাগিল আঁধি ?।
পাখি    নবপ্রভাতের বাণী
দিল     কাননে কাননে আনি,
ফুলে   নবজীবনের আশা
কত     রঙে রঙে পায় ভাষা ।
হোথা   ফুরায়ে গিয়েছে রাতি,
হেথা    জ্বলে নিশীথের বাতি—
তোর   ভবনে ভুবনে কেন
হেন     হয়ে গেল আধা-আধি ?।

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Ashabari-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail